

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারকনং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০(অংশ-১)-৩৫৭

তারিখঃ ১১-০৫-২০২০খ্রিঃ

বিষয়ঃ সরকারি হাসপাতালে সাধারণ (Non-Covid) রোগীদের চিকিৎসা প্রদানে নির্দেশনা।

লক্ষ্য করা যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমণের পর থেকে সরকারি হাসপাতালে সাধারণ রোগীগণ (Non-Covid) চিকিৎসা সেবা প্রাপ্তির ক্ষেত্রে নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন। এছাড়া দীর্ঘদিন ধরে কিডনি ডায়ালিসিসসহ, হৃদরোগ, ক্যান্সার এবং অন্যান্য জটিল রোগের চিকিৎসা গ্রহণকারীগণ সংশ্লিষ্ট সরকারি হাসপাতালে চিকিৎসা গ্রহণে বাধার সম্মুখীন হচ্ছেন। এসকল রোগীর চিকিৎসা অব্যাহত রাখার বিষয়ে বিভিন্ন সময়ে মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তর থেকে একাধিকবার নির্দেশনা জারি করা হয়েছে।


২। এমতাবস্থায়, সরকারি হাসপাতালে সাধারণ রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানের জন্য নিয়োক্ত নির্দেশনা নির্দেশক্রমে জারি করা হলোঃ

(১) সকল সরকারি হাসপাতালে কোভিড-১৯ সন্দেহে আগত রোগীদের চিকিৎসার জন্য পৃথক ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(২) চিকিৎসা সুবিধা থাকা সত্ত্বেও জরুরি চিকিৎসার জন্য আগত কোন রোগীকে কোনভাবেই ফেরত দেয়া যাবে না। রেফার করতে হলে স্বাস্থ্য অধিদপ্তরের “কোভিড হাসপাতাল নিয়ন্ত্রণ কম্বের” সাথে (মোবাইল নং-০১৩১৩৭৯১১৩০, ০১৩১৩৭৯১১৩৮, ০১৩১৩৭৯১১৩৯, ০১৩১৩৭৯১১৪০) যোগাযোগ করে রোগীর চিকিৎসার বিষয়টি সুনিশ্চিত করে রেফার করতে হবে।

(৩) দীর্ঘদিন ধরে যেসকল রোগী কিডনি ডায়ালিসিস করছেন অথবা কোভিড হাসপাতাল থেকে ডায়ালাইসিসের জন্য স্থানান্তর করা হয়েছে এবং হৃদরোগ ও ক্যান্সারসহ অন্যান্য জটিল রোগের চিকিৎসা গ্রহণ করছেন তারা কোভিড আক্রান্ত না হয়ে থাকলে- তাদের চিকিৎসা ও অব্যাহত রাখতে হবে।

৩। এ নির্দেশনার ব্যত্যয় ঘটলে বা কোন অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব (সাময়িকভাবে সংযুক্ত)
০২-৯৫৭৭৯৮১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
০২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)(সকল)
০৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল..... (সকল)
০৪। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল..... (সকল)

- ০৫। সিভিল সার্জন (সকল)
০৬। তত্ত্বাবধায়ক (সকল)
০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. লাইন ডাইরেক্টর, (হসপিটাল সার্ভিসেস ম্যানেজম্যান্ট), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. সিস্টেম এনালিস্ট (কম্পিউটার সেল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (ওয়েবসাইটে প্রচারসহ ই-মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধসহ)।
৭. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।